

💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ৫৮ ১/ বিবিধ হাদিসসমূহ পরিচ্ছেদঃ শহীদদের ফযিলত

আরবী

58 - عَنْ مَسْرُوقِ قَال: سَأَلْنَا عَبْدَ اللَّهِ (هو ابن مسعود ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ) عَنْ هَذِهِ الْآيَة: ﴿ وَلَا تَحاسَبَنَ ٱلَّذِينَ قُتِلُواْ فِي سَبِيلِ ٱللَّهِ أَما وَاتَا الله عليه وسلم : يُرا وَقُونَ ﴾ قَالَ: أَمَا إِنَّا قَدْ سَأَلْنَا عَنْ ذَلِكَ فَقَالَ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم : للَّارُوا حُهُمْ فِي جَوْف طَيْرٍ خُصْرٍ لَهَا قَنَاديلُ مُعَلَّقَةٌ بِالْعَرْشِ تَسْرَحُ مِنْ الْجَنَّةِ حَيْثُ شَاءَتْ ثُمَّ تَأْوِي إِلَى تَلْكَ الْقَنَاديلِ فَاطَّلَعَ إِلَيْهِمْ رَبُّهُمْ الطِّلاعَة فَقَالَ: هَلْ تَشْتَهُونَ شَيْئًا؟ شَاءَتْ ثُمَّ تَأْوِي إِلَى تَلْكَ الْقَنَاديلِ فَاطَّلَعَ إِلَيْهِمْ رَبُّهُمْ الطِّلاعَة فَقَالَ: هَلْ تَشْتَهُونَ شَيْئًا؟ قَالُوا: أَيَّ شَيْءٍ نَشْتَهِي؟ وَنَحْنُ نَسْرَحُ مِنْ الْجَنَّةِ حَيْثُ شِئْنَا، فَفَعَلَ ذَلِكَ بِهِمْ تَلاثَ مَرَّاتٍ قَلَاقًا رَأُوا أَنَّهُمْ لَنْ يُتُرَكُوا مِنْ أَنْ يُسْأَلُوا قَالُوا: يَا رَبِّ نُرِيدُ أَنْ تَرُدَّ أَرْوَاحَنَا فِي أَجْسَادِنَا فِي سَبِيلِكَ مَرَّةً أُخْرَى، فَلَمَّا رَأَى أَنْ لَيْسَ لَهُمْ حَاجَةٌ تُركُوا». (م, ن, جه) حَتَّى نُقْتَلَ فِي سَبِيلِكَ مَرَّةً أُخْرَى، فَلَمَّا رَأَى أَنْ لَيْسَ لَهُمْ حَاجَةٌ تُركُوا». (م, ن, جه) صحيح

বাংলা

৫৮. মাসরুক থেকে বর্ণিত, তিনি বলেন আমরা আব্দুল্লাহ ইবনু মাসউদকে এ আয়াত সম্পর্কে জিজ্ঞাসা করেছি:

﴿ وَلَاتَحا سَبَنَّ ٱلَّذِينَ قُتِلُواْ فِي سَبِيلِ ٱللَّهِ أَمانُ تَاا اللَّهِ أَمانُ أَلااً أَحالِيَا ءٌ عِندَ رَبِّهِما يُرازَقُونَ ﴾

"আর যারা আল্লাহর পথে জীবন দিয়েছে, □তাদেরকে তুমি মৃত মনে করো না, বরং তারা □তাদের রবের নিকট জীবিত। তাদেরকে রিযক □□দেয়া হয়"।[1] তিনি বলেন: জেনে রেখ, আমরাও এ সম্পর্কে জিজ্ঞাসা করেছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "তাদের রূহসমূহ সবুজ পাখির পেটে, যার জন্য রয়েছে আরশের সাথে ঝুলন্ত প্রদীপ, সে জান্নাতের যেখানে ইচ্ছা ভ্রমণ করে, অতঃপর উক্ত প্রদীপে এসে আশ্রয় গ্রহণ করে। একদা তাদের দিকে তাদের রব দৃষ্টি দেন অতঃপর বলেন: তোমরা কিছু চাও? তারা বলবে: আমরা কি চাইব, অথচ আমরা জান্নাতের যেখানে ইচ্ছা বিচরণ করি? এভাবে তাদেরকে তিনবার জিজ্ঞাসা করবেন, যখন তারা দেখবে যে কোন কিছু চাওয়া ব্যতীত তাদেরকে নিস্তার দেয়া হবে না, তারা বলবে: হে রব আমরা চাই আমাদের রুহণ্ডলো আমাদের শরীরে ফিরিয়ে দিন, যেন দ্বিতীয়বার আপনার রাস্তায় শহীদ হতে পারি। যখন তিনি



দেখবেন যে তাদের কোন চাহিদা নেই তাদের অব্যাহতি দেয়া হবে"। [মুসলিম, নাসায়ি ও ইবনু মাজাহ] হাদিসটি সহিহ।

ফুটনোট

[1] সূরা আলে ইমরান: (১৬৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন